আজকের কাগজ

তারিখ ... 28 JUN 1995 ...
পৃষ্ঠা 2 কলাম ২ ...

32

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও কলেজ পরিদর্শকের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

মোতাহার হোসেন ঃ চট্টগ্রামের মীরসরাই কলেজের একজন শিক্ষকের আনীত এক মামলায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছেন বিজ্ঞ আদালত। চট্টগ্রাম প্রথম শ্রেণীর হাকিম আদালতে মীরশ্বরাই কলেজের অধ্যাপক জয়নাল আবেদিন নিজামীর দায়ের করা মামলায় (সিআর মামলা নম্বর ৫৮/৯৪ ধারা ১৬৬/১৬৭ দঃ বিধি) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী ও কলেজ পরিদর্শককে বিবাদী করা হয়। মামলার আর্জি থেকে জানা যায়, বাদী কে সম্পূর্ণ বে-আইনীভাবে চাকুরিচ্যুত করা হয়েছে। মামলার বিবাদীকে সমনজারি করার পরও তারা হাজির না হওয়ায় বিজ্ঞ আদালত উপাচার্য ও কলেজ পরিদর্শকের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেন।

জানা গেছে, ১৯৯১ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় মীরশ্বরাই কলেজ কেন্দ্রে বাদীর বিরুদ্ধে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড একটি তদন্ত কমিটি গঠন করে। উক্ত ঘটনার সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বা এর দায়িত্বে নিয়োজিত উপাচার্য অধ্যাপক আর আই চৌধুরী ও কলেজ পরিদর্শকের কোন সম্পর্ক নেই। কিন্তু উপাচার্য ও কলেজ পরিদর্শক আবু তৈয়ব এক্তেয়ার বহির্ভূতভাবে পরিচালনা বোর্ড (অস্থায়ী)'র কাছে বাদীকে বরখাস্ত করার সুপারিশ করেন। কলেজ পরিচালনা বোর্ড তাদের সুপারিশের ভিত্তিতে বাদীকে চাকুরিচ্যুত করেন। বাদী এ সিদ্ধান্তে ক্ষতিগ্রস্থ ও ক্ষুব্ধ হয়ে উক্ত মামলা রুজু করেন। এর আগে বাদী উপাচার্যের কাছে আপীল দায়ের করে দীর্ঘ ২ বছরেও শুনানির ব্যবস্থা না করায় প্রথমে উকিল নোটিশ দেয়। তাতেও কর্তৃপক্ষের জবাব না পেয়ে বাদী মামলা করতে বাধ্য হন।